

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিৎ বিভিন্ন অপরাধে ৩৪টি প্রতিষ্ঠানকে ৪.১২ লক্ষ টাকা জরিমানা

১৮ জুন ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়স্থীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, রংপুর, নওগাঁ, কিশোরগঞ্জ ও বরগুনায় আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আতিয়া সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর চকবাজার এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে রয়েল রেস্টুরেন্টকে ৪০,০০০/- (চলিশ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে রানা ভ্যারাইটিজ স্টোরকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরীর বংশাল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ক্যাফে রাজধানী, নিউ ঘৰোয়া হোটেল এন্ড রেস্টুরেন্ট ও মতিঝিল ঘৰোয়া হোটেল এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ২২,০০০/- (বাইশ হাজার) টাকা ও ৪০,০০০/- (চলিশ হাজার) টাকাসহ মোট ৭২,০০০/- (বাহস্তুর হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজিভার নেতৃত্বে ঢাকা মহানগরীর মতিঝিল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে এশিয়া গার্ডেন রেষ্টোরাঁ ও আল ইমরান হোটেল এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ২৫,০০০/- (পঞ্চিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর রমনা ও পল্টন এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মুসলিম সুইটসকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ধার্যাকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে সিগালকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে দি সান রেস্টুরেন্টকে ৩,০০০/- (তিনি হাজার) টাকাসহ মোট ১৮,০০০/- (আটার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহিমনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর বংশার ও ওয়ারী এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ৪টি প্রতিষ্ঠানকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়াও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর আদাবর, দারুস সালাম ও শাহআলী এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ৬টি প্রতিষ্ঠানকে ৭০,০০০/- (সেভ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জ সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ২৪,০০০/- (চৰিশ হাজার) টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল জৰুর মন্ডলের নেতৃত্বে নওগাঁ সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ২২,০০০/- (বাইশ হাজার) টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১২,০০০/- (বার হাজার) টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে বরগুনার আমতলী উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকাসহ মোট ৭৭,০০০/- (সাতার হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ এবং ওজনে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১১টি বাজার তদারকিতে ৩৪টি প্রতিষ্ঠানকে মোট ৪,১২,০০০/- (চার লক্ষ বার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও মহানগর পুলিশ, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, ক্যাব, বিএসটিআই এর প্রতিনিধি, স্যানেটারী ইন্সপেক্টর ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিগণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসম, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, বরিশাল ও রংপুর মহানগর।
- ৪। মুগ্ধ সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, রংপুর, নওগাঁ, কিশোরগঞ্জ ও বরগুনা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, রংপুর, নওগাঁ, কিশোরগঞ্জ ও বরগুনা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।